# ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের একটি প্রতিষ্ঠান
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫
www.sfdf.gov.bd

স্মারক নং-৪৭.৬৫.০০০০.০৬১.৩৬.০৭৫.২২- 2928

তারিখঃ ২৮।০৬।১৪২৯ বঙ্গাব্দ
১৩।১০।২০২২ খ্রিস্টাব্দ

**বিষয় : ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা সূচক ১.২.১ মোতাবেক ডাটাবেজ ছক প্রস্তুত সংক্রান্ত**
**সূত্রঃ পউসবি নং-০৪.০০.০০০০.০৪৩.১৬.০০৩.২২.২১৭, তারিখ- ২৯।০৭।২০২২**

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে ফাউন্ডেশনের ২০২২-২৩ এর ই-গভর্নেন্স ও উদ্ভাবন পরিকল্পনার সূচক ১.২.১ মোতাবেক ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ প্রস্তুতপূর্বক যাচিত ছক মোতাবেক এতদসংগে প্রেরণ করছি।

**সংযুক্তি:**
সূচক ১.২.১ মোতাবেক প্রস্তুতকৃত ডাটাবেজ ৩ পৃষ্ঠা।

আপনার বিশ্বস্ত

১৩/১০/22

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক
ফোন নং-০২-৮১৮০১৫০
মোবাইল নং-০১৭৬৯৫৯৪২০০
ই-মেইল: info@sfdf.gov.bd

সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃ:আ:- প্রকৌশলী মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী
সিস্টেম এনালিস্ট)

**ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন**
প্রধান কার্যালয়
পল্লী ভবন (৭ম তলা)
৫, কাওরান বাজার, ঢাকা-১২১৫

## ফাউন্ডেশনের ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার ডাটাবেজ

| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
|---|---|---|---|---|---|---|---|
| সেবার নাম | ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| উদ্ভাবনী ধারণা | ০১. | অনলাইন অটোমেশন সেবা | ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশনের ২০১৬-১৭ অর্থ বছরে অনলাইন অটোমেশন সেবার মাধ্যমে তাৎক্ষণিকভাবে সদস্যগণ নিজ নিজ সঞ্চয় ও ঋণের কিস্তি বকেয়া ঋণের পরিমাণ ও অন্যান্য সকল তথ্য অনলাইন দেখতে ও প্রয়োজনে ব্যবহার করতে পারবেন।<br>এছাড়া অনলাইনে এসএফডিএফ-এর সকল সদস্যের নাম, আইডি নম্বর, মোবাইল নম্বর, স্থায়ী ঠিকানা, ঋণ গ্রহণের পরিমাণ, কিস্তি পরিশোধের তথ্য ও অনাদায়ী কিস্তি খেলাপি ও তামাদি খেলাপির সকল তথ্য তাৎক্ষণিকভাবে জানার সুযোগ রয়েছে। | কার্যকর আছে | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | www.microfin.360//sfdf | |
| | ০২. | এসএফডিএফ-এর প্রধান কার্যালয়ের সকল কম্পিউটার কেন্দ্রীয় নেটওয়ার্ককে (LAN) সংযুক্তকরণ | ২০১৭-১৮ অর্থবছরে ফাউন্ডেশনের দ্রুত কাজ নিষ্পন্নের লক্ষ্যে কোন ফাইল/ফোল্ডার এক কম্পিউটার থেকে অন্য কম্পিউটারে স্থানান্তর সম্ভব হয়েছে এবং মনিটরিং ব্যবস্থা ডিজিটাইজ হয়েছে। | কার্যকর আছে | প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | \\192.168.88.----- | |
| | ০৩. | SMS Service চালু | ফাউন্ডেশনের ২০১৮-২০১৯, ২০১৯-২০২০ অর্থ বছরে অটোমেশনে সুফলভোগীদের সঞ্চয় ও ঋণ সংক্রান্ত তথ্যাদিসহ অন্যান্য যাবতীয় ডাটাবেজের সাথে সদস্যদের মোবাইল নম্বর সংযোজিত হয়। সদস্যদের দৈনিক সঞ্চয় ও ঋণের সকল ধরনের লেনদেনের এসএমএস সদস্যদের মোবাইল নম্বরে অটো প্রেরণ করা হয়। ফলে সদস্যগণ দিনের মধ্যেই তাদের সঞ্চয় ও ঋণের সকল তথ্যাদি এসএমএস এর মাধ্যমে অবহিত হতে পারেন। | কার্যকর আছে | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে | www.microfin.360//sfdf | |

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| সেবার নাম | ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | ০৪. | ফাউন্ডেশনের ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে মৌসুমী ঋণ বিতরণ | ফাউন্ডেশন ২০২০-২১ অর্থবছরে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সুবিধার্থে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে মৌসুমী ঋণ বিতরণ পরিকল্পনা গ্রহণ করেছে। ক্ষুদ্র, প্রান্তিক কৃষক, ভূমিহীন ও বর্গাচার্ষিসহ অন্যান্য কৃষকদেরকে সহজ পদ্ধতিতে একক/দলবদ্ধভাবে কৃষি ঋণ প্রদান করা হবে। | চলমান | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। ফাউন্ডেশন হতে সেবার মান উন্নতকরণে আরো কার্যক্রম গ্রহণ করা হচ্ছে | | |
| সেবা সহজিকরণ | ০৫. | অভিযোগ ও পরামর্শ | ২০১৬-১৭ অর্থবছরে এসএফডিএফ-এর কোন কর্মকর্তা সেবা প্রদানে, ঋণ সুবিধা প্রদানে, কিস্তি আদায়ে, সঞ্চয়ের উপর মুনাফা সুবিধা প্রদানে, পুর্জি উত্তোলন বা অন্য যে কোন সেবার ক্ষেত্রে কোন আর্থিক সুবিধা গ্রহণ করতে পারবেন না। এ ধরনের কোন ঘটনা ঘটলে তা প্রতিকারের জন্য সাথে সাথে মহাব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালককে ফোনে বা লিখিতভাবে অভিযোগ করা যাবে। এছাড়া এসএফডিএফ-এর কার্যক্রম উন্নয়নের জন্য কোন পরামর্শ থাকলে তা প্রধান কার্যালয়ে লিখিতভাবে জানানো যাবে। | কার্যকর আছে | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.sfdf.gov.bd | |
| | ০৬. | সদস্যের সঞ্চয় উত্তোলন/ সমন্বয় ও ফেরত কার্যক্রম | সদস্যের সঞ্চয় উত্তোলন/সমন্বয় ও ফেরতের আবেদন মাঠ কর্মকর্তা কর্তৃক যাচাই করে মতামতসহ উপজেলা ব্যবস্থাপকের নিকট দাখিলের পর উপজেলা ব্যবস্থাপক অনুমোদনের সুপারিশসহ আবেদনের স্ক্যান কপি অনলাইনে প্রধান কার্যালয়ে প্রেরণ করেন। প্রধান কার্যালয় ঐ সদস্যের অটোমেশনে এন্ট্রিকৃত ডাটা পর্যালোচনা করে তাৎক্ষণিকভাবে মঞ্জুর/নামঞ্জুর করে একইভাবে অনলাইনে উপজেলা কার্যালয়ে পাঠানো হয়। ফলে সদস্যদের সঞ্চয় উত্তোলন/সমন্বয় ও ফেরতের ক্ষেত্রে যে কোন ধরনের অনিয়ম রোধ করা যায়। | কার্যকর আছে | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.microfin.360//sfdf | |
| | ০৭. | ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের সংযোজনী কমিয়ে আনা | ফাউন্ডেশন ২০২১-২২ অর্থবছরে সেবা সহজিকরণের লক্ষ্যে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণের ২০টি সংযোজনী পরিবর্তন/সংশোধনপূর্বক ৫টি সংযোজনী করা হয়েছে। উল্লেখ্য যে, সেবা সহজীকরণ জোরদারকরণের লক্ষ্যে গত | চলমান | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | - | |

| | ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ |
|---|---|---|---|---|---|---|---|
| সেবার নাম | ক্রঃ নং | ইতঃপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, ডিজিটাইজকৃত সেবা/আইডিয়ার নাম | সেবা/আইডিয়ার সংক্ষিপ্ত বিবরণ | সেবা/আইডিয়াটি কার্যকর আছে কি-না/না থাকলে কারণ | সেবা গ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে কি-না | সেবার লিংক | মন্তব্য |
| | | | ২৮-২৯ আগষ্ট,২০২২ তারিখ ২দিন ব্যাপী "এসএফডিএফ-এর ঋণ কার্যক্রম সহজীকরণ ও মাঠ কার্যক্রম জোরদারকরণ" শীর্ষক একটি কর্মশালার আয়োজন করা হয়েছে।<br>পূর্বে ফাউন্ডেশনে ক্ষুদ্র উদ্যোক্তা ঋণে ২০টি সংযোজনী ছিল যা পূরণ করতে উপজেলা ব্যবস্থাপকের সময় লাগত ৩ ঘন্টা এবং ফটোকপি ও অন্যান্য ব্যয়সহ খরচ লাগত ৮০০ টাকা। বর্তমানে ৫টি সংযোজনী করা হয়েছে সময় লাগে ৩০ মিনিট এর খরচ ৪০০ টাকা (জামিনদারের ৩০০ টাকার স্ট্যাম্পসহ) | | | | |
| সেবা ডিজিটাইজেশনকরণ | ০৮. | বায়োমেট্রিক মেশিন চালু | ফাউন্ডেশন ২০২১-২২ অর্থবছরে একাধিক ঋণ গ্রহণ ও ভূয়া ঋণ গ্রহণ সংক্রান্ত অনিয়ম রোধ করার জন্য সদস্যদের আঙ্গুলের ছাপ সংরক্ষণের লক্ষ্যে বায়োমেট্রিক মেশিন অটোমেশন সফটওয়্যারের সাথে সংযোগ স্থাপনের সম্পন্ন করা হচ্ছে। ঋণ বিতরণের সময় বায়োমেট্রিক মেশিনের মাধ্যমে সদস্যদের আঙ্গুলের ছাপ অটোমেশন সফটওয়্যারে সংরক্ষণ করা হয়। ফলে একজন সদস্য অন্য নামে বা নিজ নামে নিজ উপজেলা বা ফাউন্ডেশনের আওতাধীন অন্য কোন উপজেলায় ঋণ গ্রহণ করতে গেলে অটোমেশন সফটওয়্যার নোটিফিকেশন দিবে। ফলে একসাথে বা ভিন্ননামে একাধিক ঋণ নিতে সক্ষম হবেন না। পাশাপাশি এনআইডিতে প্রদত্ত আঙ্গুলের ছাপ ও স্বাক্ষরের সাথেও তা চেক করার ব্যবস্থাও প্রক্রিয়াধীন রয়েছে। | চলমান | সেবাগ্রহীতাগণ প্রত্যাশিত ফলাফল পাচ্ছে। | www.microfin.360//sfdf | |
| | ০৯. | মাঠ কার্যালয়ের কর্মকর্তাদের অটোমেশনে পারফরম্যান্স তৈরি করা | ফাউন্ডেশন ২০২১-২২ অর্থবছরে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের পারফরম্যান্স অটোমেশনে অন্তর্ভূক্ত করার কর্মপরিকল্পনা গ্রহণ করা হয়ছে। এতে যেকোন কর্মকর্তার যে কোন সময় ঋণ বিতরণ, ঋণ আদায় ও অন্যান্য ব্যক্তিগত তথ্য অটোমেটিক অটোমেশনে অন্তর্ভূক্ত হবে এবং তাৎক্ষণিকভাবে জানা যাবে। | চলমান | প্রত্যাশিত ফলাফল পাওয়া যাবে। | www.microfin.360//sfdf | |

মোঃ জাকির হোসেন আকন্দ
ব্যবস্থাপনা পরিচালক